# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮৭৫

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ দুই হাত উঠিয়ে দু‘আ করার ক্ষেত্রে আবশ্যক হলো দুই হাত উঠানোর ক্ষেত্রে মাথা অতিক্রম করবে না

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ رَفْعَ الْيَدَيْنِ فِي الدُّعَاءِ يَجِبُ أَنْ لَا يُجَاوِزَ بِهِمَا رَأْسَهُ

আরবী

875 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا هَارُونُ بْنُ مَعْرُوفٍ قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنِي حَيْوَةُ وَعُمَرُ بْنُ مَالِكٍ عَنِ ابْنِ الْهَادِ عَنْ مُحَمَّدِ بْنِ إِبْرَاهِيمَ عن عميرمولى أَبِي اللَّحْمِ: أَنَّهُ رَأَى رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عِنْدَ أَحْجَارِ الزَّيْتِ قَرِيبًا مِنَ الزَّوْرَاءِ يَدْعُو رَافِعًا كَفَّيْهِ قِبلَ وَجْهِهِ لا يُجاوز بهما رأسه.

الراوي : عمير مولى أَبِي اللَّحْمِ المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 875 | خلاصة حكم المحدث:: صحيح ـ

বাংলা

৮৭৫. আবুল লাহম রাদ্বিয়াল্লাহু আনহুর আজাদকৃত গোলাম উমাইর রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি যাওরা বাজারের নিকটবর্তী আহযারুয যাইত নামক স্থানে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দুই হাতের তালু মুখের দিকে উঠিয়ে দু‘আ করতে দেখেছেন। তিনি (হাত উঠানোর ক্ষেত্রে) দুই হাতকে মাথা অতিক্রম করাতেন না।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/২২৩; তিরমিযী: ৫৫৭; নাসাঈ: ৩/১৫৯; হাকিম: ১/৫৩৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১০৫৯।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89378

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন